গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়
ময়মনসিংহ।
www.cs.mymensingh.gov.bd

স্মারক নং- সিএস/ময়মন/প্রশা:/নিয়োগ-২০২৪/৭৭৭ তারিখ- ০২/০৫/২০২৪ ইং

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং-স্বাসেবি/প্রশা-১/এডি/২সি-১৭/৯৩-১০৪, তারিখ ১৪/০১/২০২৪ খ্রিঃ মুলে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক সিভিল সার্জন কার্যালয়, ময়মনসিংহ ও এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমুহের স্থায়ী/অস্থায়ী রাজস্ব খাতে ১১-২০ গ্রেডভুক্ত (পুবর্তন ৩য় ও ৪র্থ শ্রেণী) নিম্নলিখিত শূন্যপদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে (http://csmymensingh.teletalk.com.bd) ওয়েবসাইটে online –এ আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও জাতীয় বেতন স্কেল -২০১৫ | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থী গণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| ১ | পরিসংখ্যানবিদ | ০৭ (সাত) | গ্রেড-১৪<br>(১০২০০-২৪৬৮০/-) | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান,গণিত বা অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | ১। সকল পদের ক্ষেত্রে শুধুমাত্র ময়মনসিংহ জেলার স্থায়ী বাসিন্দাগন আবেদন করতে পারবেন। তবে স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সাবেক ওয়ার্ড বা সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে একই ইউনিয়নের পার্শ্ববর্তী ওয়ার্ড হতে নির্বাচন করা হবে।<br><br>২। স্বাস্থ্য সহকারীর শূন্য পদের তালিকা সিভিল সার্জন অফিস, ময়মনসিংহ এবং ময়মনসিংহ জেলার সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাওয়া যাবে। |
| ২ | স্টোরকিপার | ১২ (বার) | গ্রেড-১৬<br>(৯৩০০-২২৪৯০/- ) | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) স্টোর কিপার পদধারীগনকে সরকারি বিধি অনুযায়ী জামানত প্রদান করিতে হইবে। | |
| ৩ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৫ (পাঁচ) | গ্রেড-১৬<br>(৯৩০০-২২৪৯০/-) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা এবং কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ডাটা এন্ট্রির কাজে দক্ষতা থাকতে হবে।<br>(গ) টাইপিং এ প্রতি মিনিট বাংলায় অন্যূন ২০ শব্দ এবং ইংরেজিতে অন্যূন ২০ শব্দের গতি থাকতে হবে। | |
| ৪ | স্বাস্থ্য সহকারী | ২৩১<br>(দুইশত একত্রিশ) | গ্রেড-১৬<br>(৯৩০০-২২৪৯০/-) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৫ | গাড়ি চালক | ০৩ (তিন) | গ্রেড-১৬<br>(৯৩০০-২২৪৯০/-) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স<br>গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন। | |
| ৬ | ল্যাবরেটরী এ্যাটেনডেন্ট | ০৩ (তিন) | গ্রেড-১৯<br>(৮৫০০-২০৫৭০/-) | ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

### আবেদনের শর্ত ও নির্দেশনাবলীঃ

১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে এবং ময়মনসিংহ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২। সকল আবেদনকারীর বয়স আবেদন শুরুর তারিখ ৮/৫/২০২৪ খ্রিঃ এ সর্বনিম্ন ১৮ (আঠার) বছর এবং সর্বোচ্চ বয়স সীমা হবেঃ
ক) সকল প্রার্থীর (বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ শারীরিক প্রতিবন্ধী ব্যতীত) ক্ষেত্রে ৩০ (ত্রিশ) বৎসর।
খ) বীর মুক্তিযোদ্ধা /শহীদ বীর মুক্তিযোদ্ধা পুত্র-কন্যা/ শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ (বত্রিশ) বছর।
গ) বীর মুক্তিযোদ্ধা /শহীদ বীর মুক্তিযোদ্ধা পুত্র-কন্যাদের পুত্র-কন্যাগণের ক্ষেত্রে ৩০ বৎসর।
উল্লেখ্য যে, বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনে প্রদত্ত জন্ম তারিখ বয়স গণনার ভিত্তি হিসেবে বিবেচিত হবে।
৩। সকল প্রার্থীর আবেদন শুধুমাত্র অনলাইনে গ্রহণ করা হবে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র, লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে ) পরীক্ষায় প্রার্থীর স্বাক্ষর অভিন্ন হতে হবে।
৪। স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক স্বাঃঅধিঃ/ প্রশা-২/৩য় শ্রেনী নিয়োগ- ৩/২০১৮/৪৫২৫, তারিখঃ ১০/০৮/২০১৮খ্রিঃ মোতাবেক পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যেসব প্রার্থী স্টোরকিপার, স্বাস্থ্য সহকারী ও ল্যাবরেটরী এ্যাটেনডেন্ট পদে ইত:পূর্বে অনলাইনে আবেদন করেছেন, তাদের পুনরায় নতুন করে আবেদন করার প্রয়োজন নাই। তাদের আবেদন সঠিক থাকলে গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে এবং তাদের বয়স পূর্বের বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী গণনাযোগ্য হবে। তারা বর্তমানে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তি মূলে উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন এবং যোগ্য প্রার্থীদের উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে। যারা স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং- স্বাঃঅধিঃ/প্রশা-২/৩য় শ্রেণী নিয়োগ- ৩/২০১৮/৪৫২৫, তারিখঃ ১০/০৮/২০১৮খ্রি ইং তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করেছিলেন তাদের প্রবেশপত্র ডাউনলোডের ক্ষেত্রে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার ০৩ (তিন) দিন পূর্বে অবশ্যই প্রবেশপত্র ডাউনলোড করতে হবে।অন্যথায় প্রবেশপত্র ডাউনলোড করার আর কোন অপশন থাকবেনা।
৫। একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না ।
৬। অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও গাড়ী চালক পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে নিয়োগবিধি মোতাবেক সংশ্লিষ্ট বিষয়ে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য হবেন।
৭। আবেদনকারীকে তার সকল অর্জিত শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

৮। প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত কোন ব্যক্তি ফৌজদারি অপরাধে দন্ডিত হলে কিংবা বরখাস্ত হলে আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন। সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত /আধা- স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে সরকারী বিধি বিধান অনুসরণ পূর্বক অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ (NOC)-এর মূল কপি জমা দিতে হবে।

৯। নিয়োগ ও কোটা নির্ধারনের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি বিধান প্রতিফলিত হবে। কোটাধারী আবেদনকারীদের অনলাইনে আবেদন করার সময় কোন কোটার অধিকারী তা পুরণ করতে হবে।

১০। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে প্রার্থীকে যে ওয়ার্ডের (পুরাতন) পদের জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন (এ ক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের বাসিন্দা সে ওয়ার্ড অবশ্যই আবেদনপত্রে উল্লখে করতে হবে)। তবে সংশ্লিষ্ট শূন্য পদের ওয়ার্ডের বাসিন্দাকে যোগ্য প্রার্থী হিসাবে পাওয়া গেলে অন্য ওয়ার্ডের প্রার্থীদের বিবেচনা করা হবে না এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হিসাবে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে অন্য ওয়ার্ডের যোগ্য প্রার্থীদের বিবেচনা করা হবে।

১১। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্নিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতিপূর্বে কোন সার্টিফিকেট বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করা হয়, তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) ও সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন এর মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

১২। স্বাস্থ্য সহকারীর শূন্য পদের তালিকা (ওয়ার্ড,ইউনিয়ন, উপজেলা ভিত্তিক ) সিভিল সার্জন অফিস এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে পাওয়া যাবে।

১৩। প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা, ভুল/ভিন্ন তথ্য দিয়ে একাধিকবার ফরম পুরণ করে একাধিক প্রবশেপত্র গ্রহণ করলে অথবা পরীক্ষায় অসদুপায় গ্রহণ করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে ও পরে, এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীর প্রার্থিতা বা নিয়োগ বাতিল করাসহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করিলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

১৫। অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী / শর্তাবলী ও সময়সীমা নিম্নরূপঃ

(ক) আগ্রহী পদ প্রার্থীগন http://csmymensingh.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করতে পারবেন। ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক ফরম পুরণ করতে হইবে।

(খ)Online- এ আবেদনপত্র পুরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৮/০৫/২০২৪ ইং সকাল ০৯.০০ ঘটিকা।

(গ) Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৮/০৫/২০২৪ বিকাল ০৫.০০ ঘটিকা।

(ঘ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগন Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

১৬। Online - এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি ( দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর ( দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

১৭। Online আবেদনপত্রে পুরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু Online- এ আবেদনপত্র Submit করার পূর্বেই পুরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন ।

১৮। প্রার্থী Online - এ পুরনকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় ১ কপি জমা দিবেন ।

১৯। SMS প্রেরনের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ

Online- এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পুরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে ।নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID ,ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন । Applicant's Copy তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২(দুই) টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ০১ হইতে ০৫ পর্যন্ত পদের জন্য ২০০/-(দুশত) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩/-(তেইশ) টাকাসহ মোট (অফেরতযোগ্য) ২২৩/- (দুইশত তেইশ) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন এবং ক্রমিক নং ০৬ পদের জন্য ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২ (বার)টাকাসহ মোট (অফেরতযোগ্য) ১১২/- (একশত বার) টাকা পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন।

বিশেষভাবে উল্লেখ্য, Online আবেদনপত্রে সকল অংশ পুরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online -এর আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম এসএমএস:

CSMYMEN<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: CSMYMEN ABCDEF send to 16222.
Reply: Applicant's Name, Tk.223/112 will be charged as application fee.Your Pin is XXXXXXXX. To pay fee Type CSMYMEN <space> Yes<space> Pin and Send to 16222 নম্বরে।

দ্বিতীয় এসএমএসঃ

CSMYMEN<space> Yes<space> Pin লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: CSMYMEN YES 12345678
Reply SMS: Congratulations! Applicant's Name, payment completed successfully for CSMYMEN. Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

২০। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://csmymensingh.teletalk.com.bd অথবা www.cs.mymensingh.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

২১। SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নাম্বার,পদের নাম, ছবি,পরীক্ষার তারিখ , সময় ও স্থান /কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন কপি প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহনের সময় এবং উত্তীর্ন হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

২২। শুধুমাত্র Teletalk প্রি-পেইড নাম্বার থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরন করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(ক) User ID জানা থাকলে
CSMYMEN <space> HELP<space>USER<space>User ID & send to 16222.
Example: CSMYMEN HELP USER ABCDEF

(খ) Pin Number জানা থাকলে
CSMYMEN<space> HELP<space>Pin<space> Pin Number &send to 16222
Example: CSMYMEN HELP PIN 12345678

২৩। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও আইএমই বিভাগের ওয়েবসাইট www.cs.mymensingh.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। টেলিটকের জব পোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে বিজ্ঞপ্তি পাওয়া যাবে।নিয়োগ পরীক্ষার তারিখ, সময় এবং অন্যান্য তথ্য www.cs.mymensingh.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

২৪। অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd অথবা mymensingh@cs.dghs.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টালের ফেইসবুক এ (https://www.facebook.com/alljobsbdTeletalk ) এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। ( মেইল/মেসেজ এর Subject –এ Organization Name: CSMYMENSINGH, Post Name: ***,Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে )।

২৫। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/ পরিবর্তন/ পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন। অনলাইনে আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

২৬। প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র সমূহের মুলকপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং একসেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যায়ন সরকারী প্রথম শ্রেনির কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখসহ সীলমোহর) কর্তৃক সম্পাদিত হতে হবে।

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মুলসনদ/সাময়িক সনদ/প্রত্যয়ন পত্র, অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদি।

(খ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদপত্র।

(গ) চাকুরীর আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার কাউন্সিলর/ মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা ও সংশ্লিষ্ট ইউনিয়নের পুরাতন ওয়ার্ড উল্লেখ করতঃ) জাতীয়তা ইত্যাদি সনদপত্র।

(ঘ) ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী সনদপত্র/প্রমাণক। মুক্তিযোদ্ধার সন্তান, সন্তানদের সন্তান কোটায় আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সহিত সম্পর্ক বিষয়ে সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দাখিল করতে হবে।

(চ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ৩১/০৮/২০২৩ খ্রি: তারিখের ৪৮.০০.০০০০.০০২.৯৯.০০৪.১৮.১৯ নম্বর স্মারকে জারীকৃত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান বা নাতি/নাতনি হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্তির আবেদনের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়ের ওয়েবসাইটে (www.molwa.gov.bd) প্রকাশিত সমন্বিত তালিকা ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ওয়েবসাইটে (https://bffwt.gov.bd) বিদ্যমান টিএমআইএস এ প্রকাশিত নামই বৈধ/স্বীকৃত মুক্তিযোদ্ধা হিসাবে বিবেচিত হবে। এক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধার জন্ম তারিখ ৩০ মে ১৯৫৯ অর্থাৎ ১৯৭১ সালের ৩০ নভেম্বর তারিখে ১২ বছর ০৬ মাস কিংবা তার পুর্বে হতে হবে।

(ছ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান বা নাতি/নাতনি হিসেবে চাকরি প্রার্থীকে নিম্নবর্ণিত ছক পুরণ করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

| প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | বীর মুক্তিযোদ্ধার নাম , পিতার নাম ও ঠিকানা | যে তালিকা বা গেজেটে বীর মুক্তিযোদ্ধার নাম রয়েছে তার বিবরণ | প্রার্থীর সহিত বীর মুক্তিযোদ্ধার সর্ম্পক (বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং নাতি/নাতনির ক্ষেত্রে ছেলে/মেয়ের পক্ষ উল্লখে করতে হবে) | বীর মুক্তিযোদ্ধার জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | ১। জন্মনিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ:<br>২। জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ:<br>৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ:<br>৪। জন্মনিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন /পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী জন্ম তারিখ: | |

(জ) ক্ষুদ্র ও নৃ-গোষ্ঠি (উপজাতি) প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক ইস্যুকৃত সনদপত্র।

(ঝ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধী সম্পর্কিত সনদপত্র।

(ঞ) এতিম প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ট) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য (ন্যুনতম ২১ দিনের প্রশিক্ষণ যা ০৮/০৫/২০২৪ এর পুর্বে সম্পন্ন) প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য মর্মে আনসার ভিডিপির জেলা কমান্ড্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ঠ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রমাণক।

(ড) Download কৃত Applicant's Copy & Admit Card এর সত্যায়িত কপি।

২৭। প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেওয়া হবে না।

২৮। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসাবে বিবেচিত হবে। এছাড়া নিয়োগের পুর্বে ডোপটেস্ট করা হবে। ডোপটেস্টে কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গন্য হবে।

২৯। যে কোন তদবির কিংবা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচনা করা হবে।

৩০। ডিক্লারেশনঃ প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষনা দিতে হবে যে, প্রার্থী কতৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য ।প্রদত্ত তথ্য অসত্য অথবা মিথ্যা প্রমানিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পুর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

*** শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

02/02/2028

(ডাঃ মোহাম্মদ নজরুল ইসলাম )
সিভিল সার্জন ,ময়মনসিংহ
ও
সদস্য সচিব
পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেনির (১১-২০ গ্রেড)
জনবল নিয়োগ কমিটি